

তুমি এলে

এই জানালা দিয়ে রাত হুড়মুড়িয়ে
দুকে গেছে বহু দিন, এই জানালা
দিয়ে আকাশের নীল উঁকি মেরে
ফিরে গেছে বহুদিন --
এখন তুমি এলে, দ্যাখো রাত
ফিসফিস করে, আকাশ নীল
চন্দ্রবিন্দু ঐঁকে দেয় তোমার চোখে।

সনৎ সেন

